

নির্দেশ বিজ্ঞপ্তি নং ৭৯৫/১৮

তারিখ : ০৭ জানুয়ারী, ২০১৮ খ্রিঃ
২৪ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি/সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
স্থানীয় কার্যালয়/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয় : ব্যাংকের বিভিন্ন কার্যালয় ও শাখাসমূহের অগ্নিনির্বাপন ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে অগ্নিনির্বাপক যন্ত্র নতুন সরবরাহ, পুনঃভর্তি ও মেরামতসহ পুনঃভর্তির কার্যক্রম ক্ষমতা মাঠ পর্যায়ে বিকেন্দ্রীকরণ প্রসঙ্গে।

মহোদয়,

২৬.১১.২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ড অব ডিরেক্টরস্ এর ৪৯৯তম সভায় অত্র ব্যাংকের সকল কার্যালয় ও শাখাসমূহের অগ্নিজনিত দূর্ঘটনা প্রতিরোধ কল্পে বিভিন্ন ধরনের অগ্নিনির্বাপক যন্ত্র(ড্রাই পাউডার, কার্বন ডাই অক্সসাইড, অটোমেটেড ইত্যাদি)নতুন সরবরাহ এবং মেয়াদ উত্তীর্ণ অগ্নিনির্বাপক যন্ত্রের পুনঃভর্তি ও মেরামতসহ পুনঃভর্তির কাজ Delegation of Financial Power-2017 এ প্রদত্ত আর্থিক ক্ষমতার আলোকে PPR-2008 এর ত্রয় পদ্ধতি অনুসরণপূর্বক বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ দরে এ ধরনের কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে স্থানীয়ভাবে সম্পাদনের ক্ষমতা প্রধান কার্যালয়ের পাশাপাশি মাঠ পর্যায়ের বিভাগীয় কার্যালয়, স্থানীয় কার্যালয়, জনতা ভবন কর্পোরেট শাখা, এরিয়া অফিস ও কর্পোরেট-১ শাখার উপর নিম্নোক্তভাবে অর্পণের মাধ্যমে বিকেন্দ্রীকরণের অনুমোদন দেয়া হয়েছে।

ক্রম: নং	কার্যালয়/শাখা	অর্পিত ক্ষমতা
১	প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, প্রঃ কাঃ, ঢাকা।	প্রধান কার্যালয়ের সকল ডিপার্টমেন্টের জন্য নতুন অগ্নিনির্বাপক যন্ত্র সরবরাহ ও মেয়াদ উত্তীর্ণ অগ্নিনির্বাপক যন্ত্রসমূহের পুনঃভর্তি ও মেরামতসহ পুনঃভর্তির কাজ যথাসময়ে সম্পন্নকরণ।
২	সকল বিভাগীয় কার্যালয়	নিজ কার্যালয়ের জন্য নতুন অগ্নিনির্বাপক যন্ত্র সরবরাহ ও মেয়াদ উত্তীর্ণ অগ্নিনির্বাপক যন্ত্রসমূহের পুনঃভর্তি ও মেরামতসহ পুনঃভর্তির কাজ যথাসময়ে সম্পন্নকরণসহ সংশ্লিষ্ট কাজে নিয়ন্ত্রণাধীন এরিয়া অফিস ও কর্পোরেট-১ শাখাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান।
৩	স্থানীয় কার্যালয় ও জনতা ভবন কর্পোরেট শাখা	নিজ শাখার জন্য নতুন অগ্নিনির্বাপক যন্ত্র সরবরাহ ও মেয়াদ উত্তীর্ণ অগ্নিনির্বাপক যন্ত্রসমূহের পুনঃভর্তি ও মেরামতসহ পুনঃভর্তির কাজ যথাসময়ে সম্পন্নকরণ।
৪	সকল এরিয়া অফিস	নিজ কার্যালয়সহ নিয়ন্ত্রণাধীন সকল শাখার জন্য নতুন অগ্নিনির্বাপক যন্ত্র সরবরাহ ও মেয়াদ উত্তীর্ণ অগ্নিনির্বাপক যন্ত্রসমূহের পুনঃভর্তি ও মেরামতসহ পুনঃভর্তির কাজ যথাসময়ে সম্পন্নকরণসহ সংশ্লিষ্ট কাজে প্রয়োজনে নিয়ন্ত্রণকারী বিভাগীয় কার্যালয়ের সহায়তা গ্রহণ।
৫	সকল কর্পোরেট-১ শাখা	নিজ শাখার জন্য নতুন অগ্নিনির্বাপক যন্ত্র সরবরাহ ও মেয়াদ উত্তীর্ণ অগ্নিনির্বাপক যন্ত্রসমূহের পুনঃভর্তি ও মেরামতসহ পুনঃভর্তির কাজ যথাসময়ে সম্পন্নকরণসহ সংশ্লিষ্ট কাজে প্রয়োজনে নিয়ন্ত্রণকারী বিভাগীয় কার্যালয়ের সহায়তা গ্রহণ।

এমতাবস্থায়, বোর্ড অব ডিরেক্টরস্ এর উপরোক্ত অনুমোদন অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে বিভিন্ন ধরনের অগ্নিনির্বাপক যন্ত্র(ড্রাই পাউডার, কার্বন ডাই অক্সসাইড, অটোমেটেড ইত্যাদি)নতুন সরবরাহ এবং মেয়াদ উত্তীর্ণ অগ্নিনির্বাপক যন্ত্রের পুনঃভর্তি ও মেরামতসহ পুনঃভর্তির কাজ সম্পন্নের অনুরোধ করা হল।

আপনার বিশ্বস্ত,

(মোঃ মহসীন আলী সরকার)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ শফিকুল হক)
মহাব্যবস্থাপক